

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

পোরশা, নওগাঁ।

স্মারক নম্বর: ০৫.৪৩.৬৪৭৯.০০০.০৫.০২১.২১-৭৪১

তারিখ: ০৫.০২.১৪২৮ বঙ্গাব্দ  
১৯.০৫.২০২১ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২১ অনুযায়ী নওগাঁ জেলার পোরশা উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিয়োক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানি (সর্বসাকুলে)	যোগ্যতা
১.	পেশ ইমাম	০১ (এক)	১৫,০০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিপ্রি/দাওরায়ে হাদিস পাশ। কোনো প্রতিষ্ঠানের খতিব মুফতি বা মুহাদিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্রিয়াত-এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগাধিকার পাবেন। গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাকর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
২.	মুয়াজ্জিন	০১ (এক)	১০,০০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিনি) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্রিয়াত এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগাধিকার দেয়া হবে।
৩.	খাদিম	০২ (দুই)	৭,৫০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/ খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

### শর্তাবলি :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা এবং (জ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
- আবেদনপত্রে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
  - পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
  - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা তিনি কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি।
  - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি।
  - সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
  - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
  - আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, পোরশা, নওগাঁ বরাবর আগামী ২৭.০৫.২০২১ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে বা সরাসরি পোষাকে হিসেবে অসম্পূর্ণ, ত্বরিত এবং বিলম্ব প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম সুষ্পষ্টরূপে লিখতে হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টি.এ/ডি.এ প্রদান কর হবে না।
- কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে পরিগণিত হবে।
- এই নিয়োগ সম্পূর্ণরূপে অস্থায়ী। এক্ষেত্রে বর্ণিত নীতিমালার ৫ এর বিধানসমূহ প্রযোজ্য হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৪  
০৫.০২.২১

(মো. নাজমুল হামিদ রেজা)

উপজেলা নির্বাহী অফিসার  
পোরশা, নওগাঁ ও সভাপতি

পোরশা উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে  
জনবল নিয়োগ করিটি।